

প্রোফাইল



নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব জনাব রণজিৎ কুমার কংশ বণিক ১৯৬৯ইং সালে মাদারীপুর জেলার চরমুগরিয়ায় জন্মগ্রহণ করেন। ১৯৮৪ ইং সালে চরমুগরিয়া মার্চেন্ট উচ্চ বিদ্যালয় হতে মাধ্যমিক এবং মাদারীপুর সরকারী নাজিমউদ্দিন কলেজ থেকে ১৯৮৬ সালে উচ্চ মাধ্যমিক ও ১৯৮৮ ইং সালে বি.এ পাশ করেন।

জনাব রণজিৎ কুমার কংশ বণিক ছাত্র জীবনে সরকারী নাজিমউদ্দিন কলেজের ছাত্র সংসদ নির্বাচনে ১৯৮৭ ইং সালে কমনরুম সম্পাদক নির্বাচিত হন এবং মাদারীপুর জেলা ছাত্র লীগের সহ সভাপতির দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের সাথে জড়িত। ১৯৯১ইং সালে নির্বাচিত মাদারীপুর-২ এর মাননীয় সংসদ সদস্য জনাব শাজাহান খান-এর ব্যক্তিগত সহকারী হিসেবে দায়িত্ব পালন করেন। ২০০৯ ইং সালে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি জনাব শাজাহান খান, এম.পি'র ব্যক্তিগত সহকারীর দায়িত্ব পালন করেন।

২০০৯ইং সালে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শাজাহান খান, এম.পি'র সহকারী একান্ত সচিব-এর দায়িত্ব পালন করেন। ২০১৪ইং সালে নির্বাচিত বর্তমান সরকারের নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সহকারী একান্ত সচিব হিসেবে কর্মরত আছেন।

তিনি বিভিন্ন সময় যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, সিংগাপুর, চীন ও ভারত সফর করেন।

জনাব রণজিৎ কুমার কংশ বণিক ব্যক্তিগত জীবনে বিবাহিত এবং এক পুত্র ও এক কন্যা সন্তানের জনক। তাঁর সহধর্মিনীর নাম সাবিত্রি বণিক।